

মহাসড়কে নামলো অত্যাধুনিক এফ-৩৫ যুদ্ধ উড়োজাহাজ

- A Monitor Desk Report

Date: 27 September, 2023



প্রথমবারের মতো পরীক্ষামূলকভাবে মহাসড়কে সফলভাবে অবতরণ করানো হয়েছে যুক্তরাষ্ট্রের লকহিড মার্টিনের তৈরি অত্যাধুনিক এফ-৩৫ যুদ্ধ উড়োজাহাজ।

প্রশিক্ষণের অংশ হিসেবে, নরওয়ের কাছে থাকা দু'টি এফ-৩৫ উড়োজাহাজ সফলভাবে ফিনল্যান্ডের কেন্দ্রীয় অঞ্চল তেরভোতে সফলভাবে অবতরণ করে।

এরমাধ্যমে মার্কিনদের তৈরি অত্যাধুনিক এ যুদ্ধ উড়োজাহাজ প্রথমবার মহাসড়কে অবতরণের রেকর্ড গড়ল।

নরওয়ের সশস্ত্র বাহিনী জানিয়েছে, উড়োজাহাজ গুলো সড়কে অবতরণ করার পর দ্রুত এগুলোতে জ্বালানি দেওয়া হয়। এরপর এগুলো আবার উড়ে চলে যায়। যখন জ্বালানি ভরা হয় তখন সেগুলোর ইঞ্জিন চালু ছিল।

আরও পড়ুন: [বোয়িংয়ের সঙ্গে চুক্তি ইথিওপিয়ান এয়ারলাইনসের](#)

এফ-৩৫ উড়োজাহাজের আরেকটি মডেল এফ-৩৫বি এর আগে মহাসড়কে অবতরণ করেছিল। এটি উর্ধ্বাধভাবে অবতরণেও সক্ষম।

-B